

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ
গেজেট
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ১৪, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

আদেশ

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ/১ জুন ২০২০ খ্রিষ্টাব্দ

নং ০৮.০১.০০০০.০৩৩.২২.০০২.২০.৩/১—আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ১৮৪জি তে প্রদত্ত
ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নোক্ত আদেশ জারি করলো—

- ক। সকল শ্রেণির করদাতা এবং উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষের জন্য আয়কর অধ্যাদেশ, ১৯৮৪, আয়কর বিধিমালা, ১৯৮৪ এবং অফিস প্রণালীর অধীন যাবতীয় সময়ানুগ কার্যক্রম পরিপালনের সর্বশেষ সময়সীমা যে সকল ক্ষেত্রে ২৬ মার্চ ২০২০ হতে ৩০ মে ২০২০ তারিখের (উভয় দিন অন্তর্ভুক্ত) মধ্যে উত্তীর্ণ হয়েছে সে সকল ক্ষেত্রে ২৬ মার্চ ২০২০ হতে ৩০ মে ২০২০ তারিখ (উভয় দিন অন্তর্ভুক্ত) পর্যন্ত সময়কাল প্রমার্জনপূর্বক পরিপালনের সময়সীমা ২৯ জুন ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হলো; এবং
- খ। আয়কর কর্তৃপক্ষ, কর আপীলাত ট্রাইব্যুনাল এবং বিকল্প বিরোধ নিষ্পত্তি কার্যক্রমের জন্য আয়কর অধ্যাদেশ, ১৯৮৪, আয়কর বিধিমালা, ১৯৮৪ এবং অফিস প্রণালীর অধীন যাবতীয় সময়ানুগ কার্যক্রম পরিপালনের সর্বশেষ সময়সীমা যে সকল ক্ষেত্রে ২৬ মার্চ ২০২০ হতে ৩০ মে ২০২০ তারিখের (উভয় দিন অন্তর্ভুক্ত) মধ্যে উত্তীর্ণ হয়েছে সে সকল ক্ষেত্রে ২৬ মার্চ ২০২০ হতে ৩০ মে ২০২০ তারিখ (উভয় দিন অন্তর্ভুক্ত) পর্যন্ত সময়কাল প্রমার্জনপূর্বক পরিপালনের সময়সীমা ৫ আগস্ট ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হলো।
- গ। প্রমার্জিত সময়কালের জন্য কোনপ্রকার সুদ কিংবা জরিমানা প্রযোজ্য হবে না।
- ২। এ আদেশ জনস্বার্থে জারি হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ আলমগীর হোসেন
সদস্য (করনীতি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd

(৫৭৩১)

মূল্য : টাকা ৪.০০